

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০৩৪.১৯.৩৫৫

তারিখ: ৭ ভাদ্র ১৪২৬

২২ আগস্ট ২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব সিরাজুল ইসলাম, মাঠ সহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিংগাইর, মানিকগঞ্জ গত ১৮.০৬.২০১৮ তারিখ প্রকল্পের চাকুরিতে যোগদান করেন। তার বিরুদ্ধে যোগদানের পর থেকে তার দায়িত্বপ্রাপ্ত জামির্তা ইউনিয়নের সমিতিতে নিয়মিত না যাওয়া, সমিতির সদস্যদের সঞ্চয় ও ঋণের টাকা বিলম্বে অফিসে জমা প্রদান করা, কাজে গাফিলতি করা এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্যকরাসহ নানাবিধ অভিযোগ পাওয়া গেছে। এবিষয়ে উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করার পরও তার আচরণে কোন পরিবর্তন এবং প্রকল্পের কাজে কোন অগ্রগতি হয়নি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, সিংগাইর, মানিকগঞ্জ প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অফিস শৃংখলার পরিপন্থী। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩. এমতাবস্থায়, প্রকল্পের কাজে গাফিলতি এবং আর্থিক অনিয়মের কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



২৫-৮-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব সিরাজুল ইসলাম, মাঠ সহকারী, আমার বাড়ি আমার
খামার প্রকল্প, সিংগাইর, মানিকগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০৩৪.১৯.৩৫৫/১(৮)

তারিখ: ৭ ভাদ্র ১৪২৬

২২ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭১, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
- ২) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, সিংগাইর, মানিকগঞ্জ।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মানিকগঞ্জ।

- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ।
৭) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিংগাইর, মানিকগঞ্জ।
৮) সংশ্লিষ্ট অফিস নথি।



২৫-৮-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)